

## অনিবন্ধিত ট্রাভেল এজেন্সির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার নির্দেশ

- A Monitor Desk Report

Date: 08 May, 2025



বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

ঢাকাঃ বাংলাদেশের অনিবন্ধিত ও নিবন্ধনের মেয়াদ উত্তীর্ণ ট্রাভেল এজেন্সির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার ঘোষণা দিয়েছে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

বুধবার (৭ মে) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের পর্যটন-৩ শাখার জারি করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে স্বাক্ষর করেন মন্ত্রণালয়ের উপসচিব মির্জা মুরাদ হাসান বেগ। বিজ্ঞপ্তির কপি দেশের সব জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট কার্যালয়ে পাঠানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩, বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) (সংশোধন) আইন, ২০২১ এবং বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ অনুযায়ী নিবন্ধন সনদ গ্রহণ ছাড়া এবং মেয়াদোত্তীর্ণ নিবন্ধন সনদ নবায়ন ছাড়া ট্রাভেল এজেন্সি ব্যবসা পরিচালনা করা যাবে না।

এমতাবস্থায়, অনিবন্ধিত ট্রাভেল এজেন্সি ব্যবসা পরিচালনাকারী সব ব্যক্তি ও প্রতিষ্ঠানকে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের অনলাইন ট্রাভেল এজেন্সি ম্যানেজমেন্ট সিস্টেমে ([www.regtravelagency.gov.bd](http://www.regtravelagency.gov.bd)) জরুরিভিত্তিতে নিবন্ধন আবেদন দাখিল করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

এতে আরও বলা হয়, যে সব ট্রাভেল এজেন্সির নিবন্ধন সনদের মেয়াদ উত্তীর্ণ হয়ে গেছে, তাদেরকেও জরুরিভিত্তিতে সনদ নবায়নের জন্য অনুরোধ করা হলো। নিবন্ধন গ্রহণ ছাড়া এবং নিবন্ধন সনদ নবায়ন ছাড়া যে সব ব্যক্তি বা প্রতিষ্ঠান অবৈধভাবে ট্রাভেল এজেন্সি ব্যবসা পরিচালনা করছে, তাদের বিরুদ্ধে শীঘ্রই বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনাসহ কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

